

# পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ

## অনুশীলন পত্র

শ্রেণি- দশম

বিষয়- বাংলা (প্রথম ভাষা)

(প্রথম পার্বিক অভিক্ষার পাঠ্যসূচী অনুসারে রচিত)

### গল্প ও প্রবন্ধ ও কবিতা

১। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

- ক) তপনের লেখা গল্পটির নাম কী ?
- খ) ব্রোঞ্জ শলাকার পোশাকি নাম কী ?
- গ) কীভাবে ফাউন্টেন পেনের জন্ম হয় তা ‘হারিয়ে যাওয়া কালি কলম’ প্রবন্ধ অনুসারে লেখো।
- ঘ) “আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন” – ‘আজ’ বলতে কোন্ দিনটির কথা বলা হয়েছে ? দিনটি বক্তার কাছে দুঃখের দিন কেন ?

২। নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :

- ক) “যেখানে ছিল শহর” – সেখানে কী দেখা দিল ?
- খ) “আমাদের ঘর গেছে উড়ে” – ঘর ওড়ার কারণ কী ?
- গ) “সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী” – সভ্যতার শেষ পুণ্যবাণীটি কী ? তাকে শেষ পুণ্যবাণী বলা হয়েছে কেন ?
- ঘ) “আয় আরো বেঁধে বেঁধে থাকি।” – কবি কেন বেঁধে বেঁধে থাকার প্রয়োজনীয়তা অনুভব করেছেন তা কবিতা অনুসরণে লেখো।

### ব্যাকরণ ও নির্মিতি

৩। নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :

- ক) তির্যক বিভক্তি কাকে বলে ? উদাহরণ দাও।
- খ) প্রয়োজক কর্তা কাকে বলে ? উদাহরণ দাও।
- গ) একটি ব্যতিহার কর্তার উদাহরণ দাও।
- ঘ) দুটি অকারকের নাম লেখো।
- ঙ) সমধাতুজ কর্ম কাকে বলে ?
- চ) আমি ছাড়া কারও হাতে কলম নেই – চিহ্নিত পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।
- ছ) বঙ্গানুবাদ করো :

Education has no end. So you should keep up your reading. Many young men close their books when they have their degrees and learn more. Therefore they very soon forget all they ever learnt.

(শিক্ষার্থীরা বাড়িতে নিজেদের বিষয় ভিত্তিক খাতায় প্রশ্নগুলির উত্তর লিখবে এবং মাদ্রাসা খুললে শিক্ষকের কাছে জমা দেবে। কোনো অবস্থাতেই কেউ বাড়ির বাইরে বেরোবে না।)